



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবনিযুক্ত ডিনদের সাথে উপাচার্যের শুভেচ্ছা বিনিময়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ নভেম্বর ২০২২ঞ্চি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের নবনিযুক্ত ডিনদের সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অদ্য ২২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে সকাল ১১টায় ডিনদের সাথে এ শুভেচ্ছা বিনিময়ের আয়োজন করা হয়। এসময় কলা ও মানবিক অনুষদের ডিনসহ নবনিযুক্ত ডিনদেরকে ফুল দিয়ে বরণ করা হয়। উল্লেখ্য ২০ নভেম্বর ২০২২ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ৫টি অনুষদে ডিনের দায়িত্ব প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্তরা হলেন সামাজিক বিজ্ঞান অনুষদে সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক দিলাফরোজ খানম, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদে গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ শফিউল আলম, বিজনেস স্টাডিজ অনুষদে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মাসুদ, জীববিজ্ঞান অনুষদে উচ্চিদিবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুব্রত কুমার দাস এবং আইন অনুষদে আইন বিভাগের সহযোগী অধ্যাপক সুপ্রভাত হালদার। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত শুভেচ্ছা জ্ঞাপন অনুষ্ঠানে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরজামান ভূইয়া। এসময় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. আব্দুল কাউয়ুম, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোঃ শফিউল আলম এবং অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আবু হাচান। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় সকলকে নিয়মের মধ্যে থেকে কাজ করার আহবান জানিয়ে বলেন, যার যেটুকু দায়িত্ব সে যদি তার সে দায়িত্ব নিয়মের মধ্যে থেকে সঠিক ভাবে পালন করে তাহলেই শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় অটীরেই একটি বিশ্বমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হবে। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়কে একটি সেশনজট মুক্ত বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে নবনিযুক্ত ডিনদের প্রতি আহবান জানান। ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, রেজিস্ট্রার, চেয়ারম্যানবৃন্দ, লাইব্রেরীয়ান, প্রভোস্ট, প্রেস্টের, পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষকমন্ডলী, দণ্ডপ্রধানগণ, শিক্ষার্থী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, প্রেস্টে ১১-১৬ এবং প্রেস্টে ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি, সাধারণ সম্পাদকসহ কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২ খ্রিস্টাব্দ

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়